



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

পসব্য/প্রকা/প্রশা-৩০/২০১৮-১৯/ ৪০০২

তারিখ : ২৭.১২.২০১৮খ্রি.

বিষয় : ঋণ মঞ্জুরী, ঋণ প্রদানের সীমা বৃদ্ধি, উঠান বৈঠক এবং সমিতির এসএনডি হিসাবে ১০% ফান্ড রিজার্ভ রাখা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে ব্যাংকের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করা হলো :

ক) ঋণ মঞ্জুর : শাখা পর্যায়ে ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারকে অনেকগুলো ফরম ও নোটে স্বাক্ষর করতে হয়। পুনরায় শাখার লেপটপ উপজেলা নির্বাহী অফিসার এর নিকট নিয়ে যাওয়া হয় এবং অনলাইনে অনুমোদন প্রদান করা হয়। এক্ষেত্রে ঋণ বিতরণ করতে অনেক সময় লেগে যায়। ঋণ মঞ্জুর ও প্রদানের বিষয় সহজীকরণের নিমিত্তে শুধুমাত্র নোট শীটে এবং অনলাইনে উপজেলা নির্বাহী অফিসার অনুমোদন করবেন। ঋণ আবেদন ও অন্যান্য ফরমে উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষরের প্রয়োজন নেই। সে ক্ষেত্রে শাখা ব্যবস্থাপক স্বাক্ষর প্রদান করবেন।

খ) ১০% রিজার্ভ রাখা প্রসঙ্গে : বর্তমানে সমিতির এসএনডি হিসাবে ১০% টাকা রিজার্ভ রাখতে হয়। উক্ত ১০% রিজার্ভের বিপরীতে ঋণ প্রদান করা যাচ্ছে না যার কারণে অনেক সমিতির সদস্যগণ ঋণ গ্রহণ করতে পারছে না। এ ক্ষেত্রে ১০% রিজার্ভ রাখার বিষয়টি প্রত্যাহার করা হয়েছে।

গ) ঋণ মঞ্জুরীর সীমা বৃদ্ধি প্রসঙ্গে : সমিতির সদস্যের ঋণ মঞ্জুরীর সর্বোচ্চ সীমা টাকা ৪০,০০০/- হতে বৃদ্ধি করে টাকা ৬০,০০০/- টাকা করা হয়েছে। বর্ধিত হারে ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে অবশ্যই ঋণ গ্রহীতার আর্থিক সামর্থ্য/ঋণ পরিশোধের ক্ষমতা থাকতে হবে।

ঘ) উঠান বৈঠক প্রসঙ্গে : সমিতি পর্যায়ে এখন নিয়মিত উঠান বৈঠক হচ্ছে না যার কারণে ঋণ আদায় কম হচ্ছে এবং ঋণ প্রদান বৃদ্ধি পাচ্ছে না। সমিতির কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিয়মিত উঠান বৈঠকের আয়োজন করতে হবে।

ঙ) পারফরমেন্স মূল্যায়ন : শাখাসমূহের পারফরমেন্স মূল্যায়নের জন্য প্রতি সাপ্তাহে নির্ধারিত ছকে তথ্যাদি অনলাইনে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০২। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালনের জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা হলো।

(আকবর হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি :

- ১) চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৩) জেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প।
- ৪) ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।
- ৫) নথি।